

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৯৮
করবুক, ৩০ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা
করবুক ব্লকে ভ্রাম্যমান প্রচার গাড়ি**

বিকশিত ভারত সংকল্প যাত্রায় সম্প্রতি কেন্দ্রীয় ফ্ল্যাগশীপ প্রকল্পের তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়ি করবুক ব্লকের বিভিন্ন ভিলেজে পরিভ্রমণ করে। ভ্রাম্যমান প্রচার গাড়িটি ব্লকে জলায়া, পতিছড়ি, মুখছড়ি ও দক্ষিণ একছড়ি ভিলেজের বিভিন্ন জনপদ পরিভ্রমণ করে। কেন্দ্রীয় ফ্ল্যাগশীপ প্রকল্পের বিষয়ে জনসচেতনতা বাড়াতে বিভিন্ন দপ্তর থেকে সংশ্লিষ্ট ভিলেজের নাগরিকদের সরকারি সুবিধা প্রদান করা হয়েছে। এছাড়াও প্রচার গাড়িকে কেন্দ্র করা সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের পাশাপাশি কেন্দ্রীয় প্রকল্পের লাভার্থীরা তাঁদের বক্তব্য তুলে ধরেন। তাছাড়াও জনসাধারণের মধ্যে বিকশিত ভারত সংকল্প যাত্রার ক্যালেন্ডার ও বুকলেট বিতরণ করা হয়। অনুষ্ঠানগুলিতে উপস্থিত ছিলেন করবুক ব্লকের ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা, মহকুমা শাসক পার্থ দাস, বিডিও দিব্যেন্দু দাস সহ সংশ্লিষ্ট ভিলেজের সেক্রেটারি ও আরপিএমগণ।
